গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প
মহিলা বিয়ষক অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

নং-৩২.০১.০০০০.০২৭.১১.০৩৭.২০-১৫২

তারিখ: ২৫/১০/২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত "২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন" প্রকল্পের প্রধান কার্যালয়ের জন্য হিসাব রক্ষক এবং ৮ (আট) টি শিশু দিবাযত্ন কেন্দ্রের (সমবায় ভবন-আগারগাঁও, রায়ের বাজার, আশুলিয়া, রংপুর, গাইবান্ধা, কক্সবাজার, নোয়াখালী ও চাঁদপুর) জন্য স্বাস্থ্য শিক্ষিকা এবং ২ (দুই) টি শিশু দিবাযত্ন কেন্দ্রের (কক্সবাজার ও রংপুর) জন্য শিক্ষিকা পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্য বেতনে প্রকল্প মেয়াদে (জুন, ২০২৫) শূণ্য পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: | পদের নাম, গ্রেড ও সাকুল্য বেতন | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | হিসাব রক্ষক<br>গ্রেড-১১<br>সাকুল্য বেতন, টাকা=২১,৭০০/- | ১ (এক) | অনুর্ধ্ব-৩০ (ত্রিশ) বছর | প্রার্থীকে B.Com (বি.কম.) পাশসহ প্রকল্প/কর্মসূচী বাস্তবায়ন ও প্রকল্প সংক্রান্ত আর্থিক লেনদেনের (Financial Dealings) অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে এবং বয়স শিথিলযোগ্য হবে। |
| ২। | স্বাস্থ্য শিক্ষিকা<br>গ্রেড-১১<br>সাকুল্য বেতন, টাকা=২১,৭০০/- | ৮ (আট) | অনুর্ধ্ব-৩০ (ত্রিশ) বছর | প্রার্থীকে প্যারা মেডিক্যাল কোর্স অথবা ডিপ্লোমা-ইন-নার্সিং কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই মহিলা হতে হবে। |
| ৩। | শিক্ষিকা<br>গ্রেড-১১<br>সাকুল্য বেতন, টাকা=২১,৭০০/- | ২ (দুই) | অনুর্ধ্ব-৩০ (ত্রিশ) বছর | প্রার্থীকে HSC (এইচএসসি) পাশ হতে হবে। কম্পিউটার অপারেশন (বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামসহ) এর উপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই মহিলা হতে হবে। |

## শর্তাবলী

১. আবেদনকারীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.mowca.gov.bd) ও মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েব সাইট (www.dwa.gov.bd) এ আবেদন ফরম পাওয়া যাবে। আবেদনকারীকে ওয়েব সাইট হতে আবেদন পত্রের ছক A4 সাইজ কাগজে প্রিন্ট করে খালি ঘর গুলো স্বহস্তে/টাইপ করে পূরণ করতে হবে। আগামী ১৫/১১/২০২৩ তারিখের মধ্যে আবেদন পত্র ডাকযোগে প্রকল্প পরিচালক, ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড (৬ষ্ঠ তলা), ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে।

২. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৪. আবেদন পত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

৫. প্রার্থীদের আবেদন পত্রের সাথে কোন প্রকার ট্রেজারী চালান/ব্যাংক ড্রাফট প্রযোজ্য হবে না। **উল্লেখ্য, আবেদন ফরমের এ সংক্রান্ত ২০ নম্বর ক্রমিকে "প্রযোজ্য নয়" মর্মে উল্লেখ করতে হবে।**

৬. আবেদন পত্রের সাথে ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৯″× ৪″ সাইজের একটি অব্যবহৃত খাম সংযুক্ত করতে হবে।

৭. খামের উপর অবশ্যই স্পষ্টভাবে প্রার্থীর পদের নাম ও জেলার নাম উল্লেখ করতে হবে।

৮. মহিলা কোটা ব্যতীত অন্যন্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

৯. সরকারী/আধাসরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

১০. আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে। শিক্ষিকা পদের ক্ষেত্রে অফিস এপ্লিকেশন (Word processing সহ ই-মেইল ও Web Browsing) এর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। প্রযোজ্য সকল পদের অভিজ্ঞতার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত (নাম, পদবী, প্রতিষ্ঠানের দাপ্তরিক টেলিফোন/মোবাইল নম্বর ও ঠিকানা উল্লেখ করতে হবে) অভিজ্ঞতার সনদপত্রের কপি দাখিল করতে হবে।

১১. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২. নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩. বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৫. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

১৭. ডাকযোগ ব্যতীত অন্য কোন মাধ্যমে আবেদন গ্রহণযোগ্য নয়। আবেদন জমা নেওয়ার শেষ তারিখ অর্থাৎ ১৫/১১/২০২৩ তারিখের পরে ডাকযোগে কোন আবেদন পাওয়া গেলে তা গ্রহণ করা হবে না।

১৮. উপরে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প প্রস্তাব ও ক্ষেত্রমতে প্রচলিত সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।

**** আগ্রহী প্রার্থীগণকে শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে ডাকযোগে আবেদন প্রেরণ করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।**

অক্টোবর ২৫, ২০২৩
(শবনম মোস্তারী)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)